গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-১ শাখা
www.mor.gov.bd

স্মারক নং- ৫৪.০০.০০০০.০৩৪.০২.০০২.২১-৮

তারিখ: ২৪ মাঘ ১৪২৭
৭ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: মুজিববর্ষ উপলক্ষ্যে সম্মানিত যাত্রীসাধারণের আরামদায়ক রেলভ্রমণ নিশ্চিতকরণে রেলওয়ের রাজস্ব খাতে স্টেশন মেরামত, আধুনিকায়ন এবং রেলওয়ে ট্র্যাক নির্মাণের বিশেষ উদ্যোগ গ্রহণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে ২৭ জানুয়ারি ২০২১ মুজিববর্ষ উপলক্ষ্যে সম্মানিত যাত্রীসাধারণের আরামদায়ক রেলভ্রমণ নিশ্চিতকরণে রেলওয়ের রাজস্ব খাতে স্টেশন মেরামত, আধুনিকায়ন এবং রেলওয়ে ট্র্যাক নির্মাণের বিশেষ উদ্যোগ গ্রহণের লক্ষ্যে রেলপথ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে (৫ পাতা)।

(ওয়াহেদুর রশীদ)
সহকারী সচিব
ime1@mor.gov.bd

বিতরণ (সদয় অবগতি ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা/প্রশাসন/আইন ও ভূমি), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৩। অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো/আরএস/অপারেশন/অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
৪। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী;
৫। যুগ্ম-সচিব (প্রশাসন-১/২, বাজেট),রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৬। প্রধান প্রকৌশলী (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে;
৭। বিভাগীয় প্রকৌশলী-(১/২/৩), বাংলাদেশ রেলওয়ে, ঢাকা/চট্টগ্রাম;
৮। বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (ঢাকা/চট্টগ্রাম/পাকশী/লালমনিরহাট), বাংলাদেশ রেলওয়ে;

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
২। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৩। উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৫। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা; এবং
৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-১ শাখা
www.mor.gov.bd

মুজিববর্ষ উপলক্ষ্যে সম্মানিত যাত্রী সাধারণের আরামদায়ক রেলভ্রমণ নিশ্চিতকরণে রেলওয়ের রাজস্ব খাতে ষ্টেশন মেরামত, আধুনিকায়ন এবং রেলওয়ে ট্র্যাক নির্মাণে বিশেষ উদ্যোগ গ্রহণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: নূরুল ইসলাম সুজন, এমপি<br>মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয় |
| তারিখ | : | ২৭ জানুয়ারি ২০২১ |
| সময় | : | বেলা ১২:০০ ঘটিকা |
| স্থান | : | রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | পরিশিষ্ট- 'ক' এ সন্নিবেশিত। |

২. সচিব, রেলপথ মন্ত্রণালয় সভায় উপস্থিত সভাপতি মাননীয় মন্ত্রী জনাব মো: নূরুল ইসলাম সুজন এমপি-কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, মুজিববর্ষ উপলক্ষ্যে সম্মানিত যাত্রীসাধারণের আরামদায়ক রেলভ্রমণ নিশ্চিতকরণে রেলওয়ে ষ্টেশন মেরামত, আধুনিকায়ন এবং রেলওয়ে ট্র্যাক সংস্কারের বিশেষ উদ্যোগ গ্রহণের লক্ষ্যে এ সভাটির আয়োজন করা হয়েছে। সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য তিনি অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)-কে আহ্বান জানান।

৩. অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) পাওয়ার পয়েন্টের মাধ্যমে সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ক) ২০২১ সালের বাংলাদেশ রেলওয়ের পূর্ব ও পশ্চিম অঞ্চলে ২৫টি করে মোট ৫০টি স্টেশন মেরামত, আধুনিকায়ন এবং রেলওয়ে ট্র্যাক সংস্কার সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রধান প্রকৌশলী (পূর্ব/পশ্চিম) কর্তৃক Power Point-এ উপস্থাপন | ২০২০-২০২১ অর্থবছরে রাজস্ব বাজেটে রেলওয়ে স্থাপনা (৩২৫৮১২১) ও অনাবাসিক ভবন (৩২৫৮১০৭) উপখাতে যথাক্রমে ৩২০ কোটি ও ২১.৩১ কোটি টাকা বরাদ্দ আছে। ***(তিন তারকা) চিহ্নিত রেলওয়ে স্থাপনা খাতে ১ম ও ২য় কোয়ার্টারে (৮০+৮০)=১৬০.০০ কোটি টাকা ছাড় করা হয়েছে। এখনও উক্ত উপখাতে ১৬০ কোটি টাকা অবশিষ্ট আছে। যা পরবর্তী ২টি কোয়ার্টারে ছাড় করা হবে। এযাবৎ রেলওয়ে স্থাপনা খাতে ছাড়কৃত অর্থ হতে সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত মাত্র ১২.৮৩ কোটি টাকা ব্যয় করা হয়েছে মর্মে অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) সভাকে জানান।<br><br>অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) সভায় আরও জানান যে, ২০১৯- | **৩(ক)(১):** মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ২০২১ সালের মধ্যে বাংলাদেশ রেলওয়ের পূর্ব ও পশ্চিম অঞ্চলে ২৫টি করে মোট ৫০টি স্টেশনের আনুষঙ্গিক সুবিধাদিসহ আধুনিকায়ন করতে হবে এবং বাস্তবায়নাধীন কাজের সংক্ষিপ্ত বিবরণ, সম্ভাব্য প্রাক্কলিত মূল্য, কাজ শুরুর তারিখ, কাজ সমাপ্তির তারিখ এবং সমাপ্ত কাজ উদ্বোধনের মাসের নামসহ একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা আগামী ২৫.০২.২০২১ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ | প্রধান প্রকৌশলী (পূর্ব/পশ্চিম) |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ২০২০ এবং ২০১৮-২০১৯ অর্থবছরে রেলওয়ে স্থাপনা খাতে যথাক্রমে ২৮৯.৮০ কোটি এবং ২০০.১০ কোটি টাকা বরাদ্দ ছিল। বরাদ্দকৃত সমূদয় টাকা নির্ধারিত খাতে ব্যয় করা হয়েছে মর্মে জানা যায়।<br><br>সচিব মহোদয় জানান যে, মুজিববর্ষে রেলওয়ের দৃশ্যমান উন্নয়ন এবং সম্মানিত যাত্রী সাধারণের আরামদায়ক রেলভ্রমণ নিশ্চিতকরণে পূর্ব ও পশ্চিম অঞ্চলে গুরুত্বপূর্ণ ৫০টি রেলওয়ে স্টেশন মেরামত, আধুনিকায়ন এবং রেলওয়ে ট্রাক সংস্কারে বিশেষ উদ্যোগ গ্রহণ করা দরকার। অত:পর আলোচ্যসূচির আলোকে চলতি অর্থবছরে রাজস্ব খাতের বরাদ্দ ব্যয়ে জুন, ২০২১ সময়ের মধ্যে এবং আগামী ২০২১-২০২২ অর্থবছরের সম্ভাব্য বাজেট বরাদ্দের ভিত্তিতে ডিসেম্বর, ২০২১ সময়ের মধ্যে বাস্তবায়নযোগ্য কাজের সময়াবদ্ধ পরিকল্পনা উপস্থাপনের জন্য প্রধান প্রকৌশলী (পূর্ব/পশ্চিম)-কে আহ্বান জানানো হয়।<br><br>প্রধান প্রকৌশলী (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে পূর্বাঞ্চলের স্টেশন বিল্ডিং সমূহের রিমডেলিংসহ প্লাটফর্ম উঁচুকরণ, শেড মেরামত এবং Access Control ব্যবস্থা উন্নয়নে ১টি তালিকা উপস্থাপন করেন যা নিম্নরূপ: | করতে হবে;<br><br>**৩(ক)(২):** স্টেশন আধুনিকায়নের সাথে বিদ্যুতায়ন ব্যবস্থা, মহিলা, প্রতিবন্ধী ও পুরুষদের জন্য পৃথক ওয়াশরুম, নামাজের ব্যবস্থা, বিশ্রামাগার ইত্যাদি সুবিধাদি সংযোজন করতে হবে;<br><br>**৩(ক)(৩):** সংস্কারকৃত রেল স্টেশনসমূহের বিশ্রামাগার ও টয়লেট পরিষ্কার-পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণের জন্য সার্বক্ষণিক একজন কর্মচারী নিয়োজিত রাখতে হবে;<br><br>**৩(ক)(৪):** স্টেশন/ প্লাটফরমে স্থাপিত ডিসপ্লেসমূহ সচল ও তথ্যাদি হালনাগাদ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br><br>**৩(ক)(৫):** সংস্কারকৃত স্টেশন ও প্লাটফরমসমূহ প্রযোজ্যতা অনুযায়ী উঁচুকরণসহ প্রয়োজনীয় টাইলস এর ব্যবস্থা করতে হবে;<br><br>**৩(ক)(৬):** বন্ধ রেলস্টেশনসমূহের মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে স্টেশন বিল্ডিং নির্মাণ ও সংস্কার করতে হবে;<br><br>**৩(ক)(৭):** স্টেশন বিল্ডিং বর্ধিতকরণ ও সংস্কারের ক্ষেত্রে চলমান প্রকল্প/সমাপ্ত প্রকল্পের সাথে ক্রসচেক করতে হবে;<br><br>**৩(ক)(৮):** প্রতি ৩ বছর অন্তর স্টেশন বিল্ডিং-এ | |

<table>
<tr><th>আলোচ্যসূচি</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr>
<td></td>
<td>
<table>
<tr><th>ক্রমিক</th><th>রেলওয়ে স্টেশনের নাম (পূর্বাঞ্চল)</th><th>কাজ বাস্তবায়নের সময় (সম্ভাব্য ব্যয়)</th></tr>
<tr><td>১</td><td>ঢাকা (কমলাপুর)</td><td>জুন/২০২১ মাস(৩০০.০০)</td></tr>
<tr><td>২</td><td>চট্টগ্রাম</td><td>জুন/২০২১ মাস(২২০.০০)</td></tr>
<tr><td>৩</td><td>ভৈরব, কিশোরগঞ্জ</td><td>মে/২০২১ মাস (১৫০.০০)</td></tr>
<tr><td>৪</td><td>সরিষাবাড়ী, জামালপুর</td><td>জুন/২০২১ মাস(২৭০.০০)</td></tr>
<tr><td>৫</td><td>মোহনগগঞ্জ, নেত্রকোনা</td><td>জুন/২০২১ মাস (১৯০.০০)</td></tr>
<tr><td>৬</td><td>কিশোরগঞ্জ</td><td>মে/২০২১ মাস (১৯০.০০)</td></tr>
<tr><td>৭</td><td>নরসিংদী</td><td>মার্চ/২০২১ মাস (১০০.০০)</td></tr>
<tr><td>৮</td><td>ব্রাহ্মণবাড়িয়া</td><td>এপ্রিল/২০২১ মাস(১৫০.০০)</td></tr>
<tr><td>৯</td><td>চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়</td><td>জুন/২০২১ মাস(১০০.০০)</td></tr>
<tr><td>১০</td><td>জামালপুর</td><td>ডিসেম্বর/২০২১ মাস (২১০.০০)</td></tr>
<tr><td>১১</td><td>দেওয়ানগঞ্জ, জামালপুর</td><td>ডিসেম্বর/২০২১ মাস(২৮০.০০)</td></tr>
<tr><td>১২</td><td>ময়মনসিংহ</td><td>ডিসেম্বর/২০২১ মাস(২৫০.০০)</td></tr>
<tr><td>১৩</td><td>নেত্রকোনা</td><td>অক্টোবর/২০২১ মাস(১২০.০০)</td></tr>
<tr><td>১৪</td><td>গফরগাঁও</td><td>ডিসেম্বর/২০২১ মাস(২৮০.০০)</td></tr>
<tr><td>১৫</td><td>ইসলামপুর, জামালপুর</td><td>ডিসেম্বর/২০২১ মাস(১৯০.০০)</td></tr>
<tr><td>১৬</td><td>নোয়াপাড়া, হবিগঞ্জ</td><td>অক্টোবর/২০২১ মাস(১৬০.০০)</td></tr>
<tr><td>১৭</td><td>আজমপুর, বিবাড়িয়া</td><td>সেপ্টেম্বর/২০২১ মাস(১৬০.০০)</td></tr>
<tr><td>১৮</td><td>কুমিরা, চট্টগ্রাম</td><td>নভেম্বর/২০২১ মাস(১৯০.০০)</td></tr>
<tr><td>১৯</td><td>ফেনী</td><td>অক্টোবর/২০২১ মাস(১৬০.০০)</td></tr>
<tr><td>২০</td><td>লাকসাম, কুমিল্লা</td><td>নভেম্বর/২০২১ মাস(১৮০.০০)</td></tr>
<tr><td>২১</td><td>নোয়াখালী</td><td>অক্টোবর/২০২১ মাস(১৪০.০০)</td></tr>
<tr><td>২২</td><td>চাঁদপুর</td><td>সেপ্টেম্বর/২০২১ মাস(২২০.০০)</td></tr>
<tr><td>২৩</td><td>শায়েস্তাগঞ্জ</td><td></td></tr>
<tr><td>২৪</td><td>কুলাউড়া</td><td></td></tr>
<tr><td>২৫</td><td>শ্রীমঙ্গল</td><td></td></tr>
</table>
এছাড়া, নরসিংদী রেলস্টেশনের সংস্কার কাজ সম্পন্ন হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।
প্রধান প্রকৌশলী (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে পশ্চিমাঞ্চলের স্টেশন বিল্ডিংসমূহের রিমডেলিংসহ প্লাটফর্ম উঁচুকরণ, শেড মেরামত এবং Access Control ব্যবস্থা উন্নয়নে ১টি তালিকা উপস্থাপন করেন যা নিম্নরূপ:
<table>
<tr><th>ক্রমিক</th><th>রেল স্টেশনের নাম (পশ্চিমাঞ্চল)</th></tr>
<tr><td>১</td><td>টাঙ্গাইল</td></tr>
<tr><td>২</td><td>উল্লাপাড়া, সিরাজগঞ্জ</td></tr>
<tr><td>৩</td><td>চাটমোহর, পাবনা</td></tr>
<tr><td>৪</td><td>সান্তাহার, বগুড়া</td></tr>
<tr><td>৫</td><td>জয়পুরহাট</td></tr>
<tr><td>৬</td><td>বিরামপুর, দিনাজপুর</td></tr>
<tr><td>৭</td><td>পার্বতীপুর, দিনাজপুর</td></tr>
<tr><td>৮</td><td>নীলফামারী</td></tr>
</table>
</td>
<td>
রংএর কাজ নিশ্চিত করতে হবে;
৩(ক)(৯): জেলা পর্যায়ে কমপক্ষে ২টি প্লাটফরম এ, বি, সি ক্যাটাগরি অনুযায়ী সংস্কারের প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ করতে হবে;
৩(ক)(১০): স্টেশনে কর্মরত কর্মচারীদের বিশ্রামাগার নির্মাণ/সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং
৩(ক)(১১): নরসিংদী, ও দিনাজপুর রেলস্টেশনের সংস্কার কাজ সমাপ্ত হওয়ায় মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয় কর্তৃক উদ্বোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
</td>
<td></td>
</tr>
</table>

<table>
<tr><th>আলোচ্যসূচি</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>
<table>
<tr><td>৯</td><td>ডোমার, নীলফামারী</td></tr>
<tr><td>১০</td><td>খুলনা</td></tr>
<tr><td>১১</td><td>যশোর</td></tr>
<tr><td>১২</td><td>চুয়াডাঙ্গা</td></tr>
<tr><td>১৩</td><td>রাজবাড়ী</td></tr>
<tr><td>১৪</td><td>দিনাজপুর</td></tr>
<tr><td>১৫</td><td>ঠাকুরগাঁও</td></tr>
<tr><td>১৬</td><td>পঞ্চগড়</td></tr>
<tr><td>১৭</td><td>তিস্তা, লালমনিরহাট</td></tr>
<tr><td>১৮</td><td>গাইবান্ধা</td></tr>
<tr><td>১৯</td><td>বোনারপাড়া, গাইবান্ধা</td></tr>
<tr><td>২০</td><td>বগুড়া</td></tr>
<tr><td>২১</td><td>নাটোর</td></tr>
<tr><td>২২</td><td>রংপুর</td></tr>
<tr><td>২৩</td><td>জামতৈল, সিরাজগঞ্জ</td></tr>
<tr><td>২৪</td><td>পোড়াদহ, কুষ্টিয়া</td></tr>
<tr><td>২৫</td><td>সৈয়দপুর, নীলফামারী</td></tr>
</table>
<br>এছাড়া, তিনি দিনাজপুর রেলস্টেশনের সংস্কার কাজ ইতমধ্যে সম্পন্ন হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।<br><br>তাছাড়া, বিশ্রামাগার ও টয়লেটের পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং রক্ষণাবেক্ষণে সার্বক্ষণিক কর্মচারীর ব্যবস্থা, স্টেশন বিল্ডিংসমূহে Access Control বিষয়ে সভায় আলোচনা হয়। স্টেশন/প্লাটফরমে স্থাপিত ডিসপ্লেসমূহ সচল ও তথ্যাদি হালনাগাদ রাখা, সংস্কারকৃত স্টেশন ও প্লাটফরমসমূহ প্রযোজ্যতা অনুযায়ী উঁচুকরণ ও টাইলসের ব্যবস্থা করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। এতদভিন্ন, বন্ধ রেলস্টেশনসমূহ চালুকরণের নিমিত্ত অগ্রাধিকার ভিত্তিতে স্টেশন বিল্ডিং নির্মাণ, সংস্কার, স্টেশন বিল্ডিং বর্ধিতকরণ ও সংস্কারের ক্ষেত্রে চলমান প্রকল্প/সমাপ্ত প্রকল্পের সাথে ক্রসচেক করা, প্রতি ৩ বছর অন্তর স্টেশন বিল্ডিং সংস্কার, স্টেশনে কর্মরত কর্মচারীদের বিশ্রামাগার সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মেও সভায় আলোচনা করা হয়।
</td><td></td><td></td></tr>
</table>

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| | মাননীয় মন্ত্রী স্টেশন আধুনিকায়নের সাথে বিদ্যুতায়ন ব্যবস্থা; মহিলা, প্রতিবন্ধী ও পুরুষদের জন্য পৃথক ওয়াশরুম, নামাজের স্থান, বিশ্রামাগার ইত্যাদি সুবিধাদি সংযোজনের জন্য মত প্রকাশ করেন।<br><br>এছাড়া, নরসিংদী ও দিনাজপুর রেল স্টেশনের সংস্কার কাজ সমাপ্ত হওয়ায় তা মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয় কর্তৃক উদ্বোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়েও সভায় আলোচনা করা হয়। | | |
| খ) ২০১৯-২০ অর্থবছরে বিশেষ কার্যক্রমের আওতায় অনাবাসিক ভবন (৩২৫৮১০৭) ও রেলওয়ে স্থাপনা ***(৩২৫৮১২১) কোডে মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতে বাস্তবায়িত কাজের পর্যালোচনা | প্রধান প্রকৌশলী (পূর্ব/পশ্চিম) ২০১৯-২০ ও ২০১৮-১৯ অর্থবছরের বাজেটে বিশেষ কার্যক্রমের আওতায় অনাবাসিক ভবন (৩২৫৮১০৭) ও ***(তিন তারকা) চিহ্নিত রেলওয়ে স্থাপনা (৩২৫৮১২১) কোডে মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতে সম্পাদিত বিভিন্ন প্রকার উন্নয়ন কাজের ছবিসহ বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করেন। রাজস্ব বাজেটে বিশেষ কার্যক্রমের আওতায় অনাবাসিক ভবন ও রেলওয়ে স্থাপনাসহ অন্যান্য সম্পাদিত কাজ দৃশ্যমান করার ব্যবস্থা গ্রহণ এবং প্রতিবেদন আকারে মন্ত্রণালয়-কে অবহিত করা যেতে পারে মর্মে মাননীয় মন্ত্রী অভিমত ব্যক্ত করেন। | **৩(খ)(১):** রাজস্ব বাজেটে বিশেষ কার্যক্রমের আওতায় অনাবাসিক ভবন ও রেলওয়ে স্থাপনাসহ অন্যান্য খাতে সম্পাদিত কাজ দৃশ্যমান করার ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং<br><br>**৩(খ)(২):** রাজস্ব বাজেটে সম্পাদিত কাজের বিবরণ প্রতিবেদন আকারে মন্ত্রণালয়-কে অবহিত করতে হবে। | অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো), মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), প্রধান প্রকৌশলী (পূর্ব/পশ্চিম) |
| গ) ২০১৮-১৯ অর্থবছরে বিশেষ কার্যক্রমের আওতায় অনাবাসিক ভবন (৩২৫৮১০৭) ও রেলওয়ে স্থাপনা ***(৩২৫৮১২১) কোডে মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতে বাস্তবায়িত কাজের পর্যালোচনা | | | |

আর কোন আলোচনা না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ নূরুল ইসলাম সুজন, এমপি)
মন্ত্রী
রেলপথ মন্ত্রণালয়।